অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মৌসুমের শেষে শীতকালীন ঝড়ের আশংকা থাকায় স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে জরুরি সাড়া প্রদানকারী সম্পদ প্রস্তুত করার জন্য গভর্নর হোকলের নির্দেশ

সেন্ট্রাল নিউ ইয়র্ক, মিড-হাডসন, মোহাক ভ্যালি, নর্থ কান্ট্রি ও সাদার্ন টিয়ার অঞ্চলে শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে

উঁচু অঞ্চলগুলোতে সবচেয়ে ভারী তুষারপাত দেখা যাবে এবং সেন্ট্রাল NY-এর কিছু অংশে ও মিড-হাডসন অঞ্চলে এক ফুট পর্যন্ত তুষার জমা হতে পারে

নর্থ কান্ট্রিতে মঙ্গলবার সকাল পর্যন্ত ঘণ্টায় 1-2 ইঞ্চি হারে তুষারপাত হওয়ার আশংকা করা হচ্ছে

নিউ ইয়র্কবাসীদের প্রতি সম্ভাব্য গাছপালা ভেঙ্গে পড়া ও বিদ্যুৎ বিভ্রাটের জন্য প্রস্তুত থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো হয়েছে; মঙ্গলবার যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করুন

সোমবার সন্ধ্যা থেকে শুরু করে বুধবার সকাল পর্যন্ত চলমান থেকে মৌসুমের শেষ সময়ের একটি শীতকালীন ঝড় স্টেটের বিভিন্ন অংশে তুষারপাত ও বৃষ্টি নিয়ে আসার আশংকা থাকায় গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে জরুরি সাড়া প্রদানকারী সম্পদ প্রস্তুত করার জন্য নির্দেশ দিয়েছেন। সেন্ট্রাল নিউ ইয়র্ক, মিড-হাডসন, মোহাক ভ্যালি, নর্থ কান্ট্রি ও সাদার্ন টিয়ার অঞ্চলের উঁচু জায়গাগুলোতে ভারী তুষারপাত সহ শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে, যার মধ্যে ক্যাটস্কিলসও অন্তর্ভুক্ত রয়েছে। এসব এলাকায় সবচেয়ে ভারী তুষারপাত হওয়ার আশংকা করা হচ্ছে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের কিছু অংশে ও মিড-হাডসন অঞ্চলে এক ফুট পর্যন্ত ভারী তুষার জমা হওয়ার পাশাপাশি নর্থ কান্ট্রিতে ঘণ্টায় 1-2 ইঞ্চি হারে তুষারপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এই ঝড়ের সম্ভাব্য প্রভাব বিবেচনায় নিয়ে, নিউ ইয়র্কবাসীদের জন্য উচিত হবে সবচেয়ে ভারী তুষারপাতের এলাকাগুলোতে গাছপালা ভেঙ্গে পড়া ও বিদ্যুৎ বিভ্রাটের ঘটনার জন্য প্রস্তুত থাকা, এমনকি তুষার জমা হওয়ার পরিমাণ নগণ্য হলেও। এছাড়াও গভর্নর হোকল মঙ্গলবার দিন যাতায়াতের সময় সতর্কতা অবলম্বনের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন।

"নিউ ইয়র্কবাসী হিসেবে আমরা খুব ভালো করেই জানি যে শীতকাল মার্চ মাসের পরেও থেকে যেতে পারে, এবং এ সপ্তাহে আমরা স্টেটের কিছু অংশে এক ফুট পর্যন্ত তুষার জমা হওয়ার কারণ হতে পারে এমন একটি ঝড় মোকাবেলার জন্য প্রস্তুতি নিচ্ছি, যে ঝড় মঙ্গলবার দিন যাতায়াতের অবস্থাকে জটিল করে তুলবে," **বলেছেন গভর্নর হোকল।** "স্টেট পর্যায়ের সংস্থাগুলো মৌসুমের শেষ সময়ের এই ঝড় মোকাবেলায় সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে এবং আমরা নিউ ইয়র্কবাসীদের প্রতি স্থানীয় প্রভাবের জন্য আবহাওয়ার পূর্বাভাসের দিকে নজর রাখতে এবং মঙ্গলবার দিন ভ্রমণ করলে সেক্ষেত্রে সতর্কতা অবলম্বনের জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

সেন্ট্রাল নিউ ইয়র্কের কিছু অংশে ও মিড-হাডসন অঞ্চলে বুধবার সকাল নাগাদ এক ফুট তুষার জমা হতে পারে বলে আশংকা করা হচ্ছে। মোহাক ভ্যালি অঞ্চলে প্রায় সাত ইঞ্চি পর্যন্ত তুষার জমা হওয়ার আশংকা রয়েছে, এবং নর্থ কান্ট্রি, সাদার্ন টিয়ার ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কিছু অংশে সাধারণভাবে 2-5 ইঞ্চি পর্যন্ত তুষার জমা হওয়ার সম্ভাবনা রয়েছে। এই বিরূপ আবহাওয়ার কারণে রাজধানী অঞ্চল ও ফিঙ্গার লেকস অঞ্চলে দুই ইঞ্চি বা তার কম এবং নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ড অঞ্চলে কয়েক ইঞ্চি পর্যন্ত তুষার জমা হওয়ার সম্ভাবনা রয়েছে। সবচেয়ে ভারী তুষারপাত হওয়া অঞ্চলগুলোতে গাছপালা ভেঙ্গে পড়া ও বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে, এমনকি জমা হওয়া তুষারের পরিমাণ নগণ্য হলেও।

এই শীতকালীন ঝড় মোকাবেলার আগাম প্রস্তুতি নিতে স্টেটব্যাপী একাধিক আবহাওয়া সংক্রান্ত সতর্কতা, পর্যবেক্ষণ, ও পরামর্শ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। আবহাওয়া সতর্কতা ও পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা দেখার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov পরিদর্শন করুন।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "যদিও আমরা এপ্রিল মাসের প্রায় অর্ধেক অংশ অতিক্রম করে ফেলেছি, আপস্টেট নিউ ইয়র্কে তুষারপাতের সম্ভাবনা এখনো রয়ে গেছে। এই ঝড় মোকাবেলার জন্য আমাদের টিমগুলো পুরোপুরি প্রস্তুত রয়েছে এবং তারা স্থানীয় অংশীদারদের প্রয়োজনীয় সকল সংস্থান ও সহায়তা পাওয়া নিশ্চিত করতে একসঙ্গে কাজ করবে। যদিও এই ঝড় নিউ ইয়র্কবাসীর জন্য নতুন কোনো বিষয় নয়, আমাদের সবার উচিত পরবর্তী 24 ঘণ্টার জন্য সতর্ক থাকা, স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস চেক করা, মঙ্গলবার দিন ভ্রমণ করার কথা থাকলে হাতে যথেষ্ট সময় রাখা, এবং বন্ধু-বান্ধব ও প্রিয়জনদের খোঁজখবর নেওয়ার কথা মনে রাখা।"

<u>এজেন্সির প্রস্তুতি</u>

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র আবহাওয়া ও ভ্রমণের অবস্থা পর্যবেক্ষণ করবে এবং দুর্যোগের আগে ও দুর্যোগ চলাকালীন সময়ে স্থানীয় সরকারগুলোর সাথে যোগাযোগ রক্ষা করবে। পাম্প, চেইন

স, বালির বস্তা জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানিসহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনীয় সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) স্টেটজুড়ে 3,428 জন সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুতি নিচ্ছে। প্রয়োজনীয় যেকোনো ধরনের সাড়াদানকারী কর্মী হিসেবে কর্মীদেরকে নিয়োজিত করা যাবে (প্লাউ, ড্রেনেজ, চিপার, লোড করা ও টানা, কাটা ও ছুড়ে ফেলা, ইত্যাদি)। সেইসাথে, প্রয়োজন অনুযায়ী সাড়াদান প্রক্রিয়ায় সহায়তা করার জন্য 75 জন ইনসিডেন্ট কমান্ড সিস্টেম কর্মী লভ্য রয়েছে। দুর্যোগ চলাকালীন সময়ে আবহাওয়ার অবস্থা অনুযায়ী অপারেটর, ট্রাক, মেকানিক ও সরঞ্জাম অপারেটর ইনস্ট্রাক্টর সহ বাড়তি সংস্থানের প্রয়োজনীয়তা পুনর্মূল্যায়ন করা হবে।

ঘটনার সময়ে এবং অগ্রাধিকারমূলক পরিষ্কার কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য ক্ষতিগ্রস্ত হওয়া সব আবাসিক এলাকায় কর্মী নিয়োগ করা হবে। তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,705টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 48টি টো প্লাউ
- 316টি লোডার
- 13টি বাকেট ট্রাক
- 72টি চিপার
- 32টি ট্র্যাফিক সিগন্যাল ট্রাক

ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোর ট্রাফিক ব্যবস্থাপনা কেন্দ্রগুলো বিভিন্ন ধরনের সাইনে আবহাওয়া সংক্রান্ত বার্তাগুলো পোস্ট করতে থাকবে যেগুলো ব্যবহার করে রিয়েল টাইমে সহায়তা প্রদান এবং যানবাহন চলাচলের সম্ভাব্য বিধিনিষেধ কার্যকর করা হবে (প্রয়োজন হলে)।

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511-এ ফোন করুন, www.511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) 641 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে সাড়াদান কার্যক্রমের জন্য প্রস্তুত রয়েছে৷ স্টেটব্যাপী সরঞ্জাম সংখ্যা ও রিসোর্সের তালিকা নিচে দেওয়া হলো:

- 356টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 9টি টো প্লাউ
- 67টি লোডার
- 113,000 টনেরও বেশি লবণ হাতে রয়েছে

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। যেকোনো জরুরি পরিস্থিতির মোকাবেলা করতে সহায়তা করার জন্য কাঠুরে সহ সকল লভ্য সম্পদ নিয়োজিত করা হয়েছে।

DEC জনবিরল গ্রাম্য এলাকার ব্যবহারকারীদের আবহাওয়ার কারণে তুষার ধসের পরিস্থিতি সম্পর্কে সচেতন এবং প্রস্তুত থাকার পরামর্শ দিচ্ছে যা স্লাইড বা খাড়াই, খোলা ভূখণ্ডে তুষারধসের ঝুঁকি বাড়াতে পারে। আরো তথ্য এখানে পাবেন।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

জনসেবা বিভাগ (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 6,750 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ
স্টেট পুলিশ পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনমত অতিরিক্ত ট্রুপার নিয়োগের জন্য প্রস্তুত আছে। স্টেট পুলিশের সব ফোর-হুইল ড্রাইভ এবং বিশেষায়িত যানবাহন, যেমন স্নোমোবাইল এবং ইউটিলিটি টেরেইন ভেহিকল, অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)
নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করছেন। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

<u>নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ</u>
শীতকালীন ভ্রমণ
শীতকালীন ঝড়ের সময়ে সর্বাধিক নিহত ও আহত হওয়ার কারণ হলো পরিবহন দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।

গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে।

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- সড়কপথে পড়ে থাকা ভেজা পাতার ফলে পিচ্ছিল অবস্থা তৈরি হতে পারে, তাই পাতার স্তূপগুলো অতিক্রম করার সময় অপেক্ষাকৃত ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনার গাড়িতে কম্বল, একটি বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারি বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- গ্যাসোলিন জমে যাওয়া প্রতিরোধ করতে আপনার গ্যাস ট্যাঙ্ক পূর্ণ রাখুন।
- যদি আপনার ব্যবহারের জন্য সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য ফোন করে উদ্ধারকারীদেরকে আপনার অবস্থান জানাতে পারবেন।
- আপনার ভ্রমণ পরিকল্পনা সম্পর্কে অন্য কাউকে জানিয়ে রাখতে ভুলবেন না।
- গাড়ি চালানোর সময়, যানবাহনগুলো বরফ ও তুষার থেকে দূরে রাখুন।
- থামার বিষয়টি পরিকল্পনায় রাখুন এবং গাড়িগুলোর মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর ওয়েবসাইট https://www.dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন